**৯। জয়নাল মিয়া তার এলাকায় ৬ নং ওয়ার্ডের একজন যোগ্য ও সৎ প্রতিনিধি। তিনি এলাকার উন্নয়ন কর্মকান্ডে যথেষ্ট মনোযোগী। তাই তিনি এবারও স্বতঃস্ফূর্ত ভাবে নির্বাচিত হন। তিনি ঐ এলাকার চেয়ারম্যান। তার সাথে রয়েছে নয়জন সাধারন সদস্য এবং সংরক্ষিত আসনে তিনজন মহিলা সদস্য। তারা পাঁচ বছরের জন্য নির্বাচতি হন।**

**ক)** পরোক্ষ নির্বাচন কী ? ১

**খ)** ইউনিয়ন পরিষদের গঠন কীরূপ ? ২

**গ)** জয়নাল মিয়া স্থানীয় পর্যায়ের কোন পরিষদের আওতাভূক্ত? ব্যাখ্যা করো। ৩

**ঘ)** জয়নাল মিয়ার এই নির্বাচিত হওয়ার পদ্ধতিতে গণতন্ত্রের ভিত্তি কতটুকু মজবুত হবে বলে তুমি মনে কর? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**১০। ২০১৭ সালের ২২শে এপ্রিল বাংলাদেশের আবহাওয়া অত্যন্ত উষ্ণ ছিল । ঢাকা জেলার তাপমাত্রা ছিল ৩৯° সেন্টিগ্রেড। 'ক' কলেজে ও শিক্ষার্থীরা ক্লাসে অত্যন্ত গরমে অতিষ্ট। জনাব রহিম স্যার ক্লাস নিচ্ছিলেন। তিনি শিক্ষার্থীদের বললেন, বিশ্বব্যাপী জলবায়ুর ব্যাপক পরিবর্তন হয়েছে। এই পরিবর্তনের জন্য আমাদের নানাবিধ কর্মকান্ডই দায়ী।**

**ক)** বাংলাদশে সাধারণত কোন মৌসুমে নদী ভাঙ্গন দেখা যায় ? ১

**খ)** বাংলাদেশের জলবায়ুতে মৌসুমি বায়ুর প্রভাব ব্যাখ্যা করো। ২

**গ)** উদ্দীপকে যে সমস্যার কথা বলা হয়েছে তার প্রভাব বাংলাদেশে কতটুকু? ব্যাখ্যা করো।৩

**ঘ)** উদ্দীপকের জনাব রহিম এর বক্তব্য কতটুকু সত্য? তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**১১।**

| দূযোগ | সাল | ফলাফল |
|---|---|---|
| P | ১৯৭০ | প্রাণহানি এড়ানো যায় |
| Q | ১৯৮৮ | ক্ষয়ক্ষতি কমানো সম্ভব |

**ক)** শীতকালে বাংলাদশের তাপমাত্রা কত থাকে ? ১

**খ)** কালবৈশাখী কী ? বুঝিয়ে লিখ। ২

**গ)** P কোন দূযোগকে ইঙ্গিত করে? বর্ণনা করো। ৩

**ঘ)** Q দূযোগের ক্ষয়ক্ষতি কীভাবে কমানো সম্ভব? মতামত দাও।

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

**অনলাইন অর্ধ বার্ষিক পরীক্ষা-২০২০**

**শ্রেণি-সপ্তম**

**বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (সৃজনশীল)**

**সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭**

**[যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও]**

**১। সুমন বাংলাদেশের ঐতিহাসিক ঘটনার বিবরণ পড়ে স্বাধীনতায় অসামান্য অব রেখেছেন এমন একজন নেতা সম্পর্কে জানতে পারে। সে নেতার বিরুদ্ধে সরকার ক দায়ের করা মিথ্যা মামলার প্রতিবাদে ছাত্ররা বিক্ষোপে ফেটে পড়েছিল। এ মামলা ও ছাত্র আন্দোলনের ফলাফল ছিল সুদুরপ্রসারি।**

**ক)** বঙ্গবন্ধু কবে ছয় দফা দাবি পেশ করেন ? ১

**খ)** আগরতলা ষড়যন্ত্র মামলা কেন দায়ের করা হয় ? ২

**গ)** সুমনের জন্য ঘটনাটি ইতিহাসের কোন ঘটনাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

**ঘ)** সুমনের উপলব্ধির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**২। বাংলা প্রথম মসের প্রথম দিন। আরাবি, আরণী ও অনুভা ও প্রভা সকলে মিলে ঠিক ক তারা রমনা বটমূলে যাবে। সকলে লাল সাদা রঙের শাড়ি পরবে। সেখানে মেলায় গান কবিতা শুনবে। প্রতি বছরই এখানে অনেক মানুষের সমাগম হয় । তারা মুখোশ পরে, গায়, অনেকে আবার মুখে বিভিন্ন ছবি আঁকে। সারাদিন আনন্দ উচ্ছাসে কাটায়।**

**ক)** বাংলা প্রথম মাসের নাম কী ? ১

**খ)** বাংলাদেশের কৃষি প্রধানত কীসের উপর নির্ভরশীল? ব্যাখ্যা কর। ২

**গ)** উদ্দীপকে বাংলার কোন মেলার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

**ঘ)** বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্য বিকাশে উদ্দীপকের বর্ণিত মেলার ভূমি মূল্যায়ন কর। ৪

**৩। মায়ান পার্বত্য চট্টগ্রামে বাস করে। তার বোন একটি বিশেষ পোশাক পরে যার ন "পিনোন"। তাদের মতো আরও অনেক জাতি গোষ্ঠী এ অঞ্চলে বাস করে। তারা বিভিন্ন ধর্মীয় উৎসব পালন করে থাকে। বর্তমানে তাদের অনেকেই ধর্ম পরিবর্তন করছে।**

**ক)** টোটেম কী ? ১

**খ)** গ্রামীণ সংস্কৃতি কী ? ২

**গ)** উদ্দীপকে বাংলাদেশের কোন ধরনের জাতিগোষ্ঠীর পরিচয় পাওয়া যায়? তাদের পোশাকের বর্ণনা দাও। ৩

**ঘ)** "উদ্দীপক দ্বারা ইঙ্গিত কৃত জাতিগোষ্ঠী বর্তমানে ধর্ম পরিবর্তন করছে।" পাঠ্য বইয়ের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৪। জেরিন ও জয়া চাচাতো বোন। একই বাড়িতে তারা দাদা দাদিসহ বসবাস করতো। তাদের মধ্যে খুবই বন্ধুত্ব। জেরিনের বাবা চাকরি নিয়ে অন্যত্র বদলি হলে জেরিন মা-বাবার সাথে চলে গেল। জয়া দাদাদাদিসহ অন্যদের সাথে বসবাস করতে লাগলো। অনেক দিন পর জেরিন ও জয়ার দেখা হলে তারা আগের মতো মিশতে পারে না। জয়া মিশতে গেলেও জেরিন এড়িয়ে চলতে চায়। জয়া সবার সাথে মিলেমিশে থাকতে চায়। সবাইকে সহযোগিতা করতে চায়। এজন্য সবাই জয়াকে খুব পছন্দ করে।**

**ক)** সাধারণত শিশুরা ধর্মীয় শিক্ষা কোথায় পায় ? ১

**খ)** পরিবার চিরস্থায়ী সামাজিক সংগঠন-ব্যাখ্যা কর। ২

**গ)** জেরিনের এ রূপ আচরণের কারণ ব্যাখ্যা কর। ৩

**ঘ)** "জয়ার আচরণে যৌথ পরিবারের অবদান সর্বাধিক"-তুমি কী একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৫। সাজিদ ও সাজু দুই বন্ধু। সাজিদের বাবা ও মা দুজনই চাকুরিজীবী। ফলে সাজিদকে তারা প্রয়োজনীয় সময় দিতে পারে না। ফলে তার মেজাজ খিটখিটে থাকে। অন্যদিকে সাজু দাদাদাদী, চাচা, ফুফুসহ এক সাথে থাকে। ফলে বিভিন্ন বিষয়ে শিক্ষার প্রভাব তার আচরণে প্রকাশ পায় ?**

**ক)** সামাজিকীকরণের সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম কোনটি ? ১

**খ)** পিতামাতার আচরণ শিশুর সামাজিকীকরণকে প্রভাবিত করে কীভাবে ব্যাখ্যা কর।২

**গ)** সাজু কোন ধরনের পরিবারের সাথে সম্পৃক্ত? বর্ণনা কর। ৩

**ঘ)** "পরিবারের সদস্যদের ভূমিকার সমন্বয়ই শিশুর সুষ্ঠু সামাজিকীকরণের উপায়" উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬। ক নামক দেশ একটি তৈরি পোশাক খাতে ২০১৪-২০১৫ অর্থ বছরে বিদেশে পণ্য পাঠিয়ে আয় করেছে ১২,৪৪২ মিলিয়ন মার্কিন ডলার। সে দেশের বাসিন্দা আহসান মনে করে, উক্ত ব্যবস্থা বৃদ্ধির মাধ্যমে তাদের দেশ অর্থনৈতিক বাবে স্বনির্ভর হতে পারবে।**

**ক)** একটি মাঝারি শিল্পের নাম লিখ। ১

**খ)** বৃহৎ শিল্প বলতে কী বোঝায় ? ২

**গ)** উদ্দীপকে কোন বিষয়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

**ঘ)** উক্ত বিষয় কীভাবে আমাদের দেশের অর্থনৈতিক ব্যবস্থা স্বনির্ভর করবে? মূল্যায়ন করো। ৪

**৭। যশোরের লিপা পরিবারের সদস্যদের নিয়ে কাঁথা, কাজ করা শাড়ি, বিছানার চাদর, পর্দা ও ব্যাগ তৈরি করে দোকানে দেয় ও ঢাকায় পাঠায়। লিপার বানানো কিছু সিল্ক শাড়ি আড়ং এ দেওয়া হয়। এতে করে তার অবস্থার উন্নতি হচ্ছে।**

**ক)** কবে আদমজি পাটকল প্রতিষ্ঠা করা হয় ? ১

**খ)** বৈদেশিক বাণিজ্য বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

**গ)** উদ্দীপকে লিপার কাজ কোন শিল্পের অন্তর্গত ? ব্যাখ্যা কর। ৩

**ঘ)** লিপার মতো এ কাজ জাতীয় অর্থনীতির কতখানি অবদান রাখতে পারে বলে তুমি মনে করো? তোমার মতামত দাও। ৪

**৮। সুমি বর্তমানে স্নাতক শ্রেণিতে অধ্যয়নরত। পড়াশোনার পাশাপাশি সে বিকেলে পথশিশুদের পড়ালেখা শেখায়। জীবনে চলার পথে সে লোভ করে না। এবং নিজের বিবেক বৃদ্ধি ব্যবহার করে বিভিন্ন কাজ করে। পরিবারসহ বিশ্ববিদ্যালয়ের সবাই তাকে খুব পছন্দ করে।**

**ক)** দলীয় মনোভাব কোন ধরনের শাসন ব্যবস্থার কাজ করে ? ১

**খ)** দাম্ভিকতা সুনাগরিকের বৈশিষ্ট্য নয়-ব্যাখ্যা করো। ২

**গ)** সুমি একজন সুনাগরিক হিসেবে তিনটি মৌলিক গুণাবলীর অধিকারী-পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

**ঘ)** একজন সুনাগরিক হিসেবে সুমি কীভাবে দেশের প্রতি দায়িত্ব পালন করছে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪